# যেসব রুগীদের হাসপাতালে রাখা হয়েছে তাদের জন্য ইলেকট্রো-কনভালসিভ থেরাপি

(মেন্টাল হেলথ্ অ্যাক্ট 1983 এর ধারা 58A)

## এই পত্রিকার বিষয়বস্তু কি ?

এই পত্রিকায় মানসিক ব্যধির চিকিৎসার জন্য ইলেকট্রো-কনভালসিভ থেরাপি (ECT) ব্যবহারের বিষয়ে মেন্টাল হেলথ্ অ্যাক্ট 1983 এর বিশেষ আইনের ব্যাখ্যা করা হয়েছে। মেন্টাল হেলথ্ অ্যাক্টের ধারা 58A তে এই আইন অন্তর্ভুক্ত।

## ইলোকট্রো-কনভালসিভ থেরাপি কি ?

ECT এক ধরণের চিকিৎসা পদ্ধতি যা গুরুতর বিষণ্নতা (ডিপ্রেসন), উন্মাদ অবস্থা বা বাতিক এবং ক্যাটানিয়ার মত মারাত্মক, অল্প কয়েকটি মানসিক রোগে ব্যবহার করা হয়। ECT-র সময় খুব অল্পক্ষণের জন্য মাথায় বিদ্যুৎপ্রবাহ (কারেন্ট) দেওয়া হয় যার ফলে খিঁচুনি (‘ফিট’) হয়। সাধারণ অ্যানেস্থিশিয়া দিয়ে এই ECT দেওয়া হয় এবং রুগীর মাংসপেশী শিথিল রাখার জন্য তাকে ওষুধও দেওয়া হয় যাতে খিঁচুনির সময় সে আহত না হয়। সাধারণত, বিশেষ প্রশিক্ষণ পাওয়া কর্মী ছয় থেকে 12 টি সত্রে এই ECT দেয়।

যদি হাসপাতালের কর্মীর মনে হয় আপনাকে ECT দিলে উপকার হবে তাহলে সেটা কি, এবং তাদের মতে আপনার কেন সেটা নেওয়া উচিত তা তারা আপনাকে বুঝিয়ে দেবেন।

## আমি ECT প্রত্যাখ্যান করতে পারি কি ?

আপনার যদি নিজে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা থাকে তাহলে আপনি না চাইলে ECT নেওয়ায় অসম্মতি জানাতে পারেন। যদি আপনি রাজি হন, কিংবা যদি সঙ্কটাবস্থা দেখা দেয় তাহলে আপনাকে ECT দেওয়া হবে।

## আমার বয়স 18 বছরের কম হলে কি হবে ?

আপনার বয়স যদি 18 বছরে কম হয় এবং আপনি ECT নিতে রাজি হন তাহলে যেখানে আপনার চিকিৎসা চলছে সেই হাসপাতালের বাইরের একজন ডাক্তার আপনার সঙ্গে দেখা করবেন।

এই স্বতন্ত্র ডাক্তারকে SOAD (সেকেন্ড ওপিনিয়ন অ্যাপয়েন্টেড ডাক্তার) বলা হয় এবং একটি স্বাধীন কমিশন একে কাজে নিযুক্ত করে, এই কমিশন মেন্টাল হেলথ্ অ্যাক্ট কিভাবে ব্যবহার করা হচ্ছে সে বিষয়ে সজাগ লক্ষ্য রাখে।

এই স্বতন্ত্র ডাক্তার আপনার সঙ্গে এবং হাসপাতালের যেসব কর্মী আপনাকে চেনে তাদের সঙ্গে কথা বলবেন। যদি আপনি এবং এই স্বতন্ত্র ডাক্তার রাজি হন, কিংবা যদি সঙ্কটাবস্থা দেখা দেয় শুধু তাহলেই আপনাকে ECT দেওয়া হবে।

## যদি হাসপাতালের কর্মীর মনে হয় আমার নিজে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নেই তাহলে কি হবে?

হাসপাতালের কর্মীর মনে হতে পারে যে আপনার মানসিক রোগের জন্য হয়ত ECT নিতে হবে কি না আপনি সেই সিদ্ধান্ত নিতে পারছেন না।

এর মানে, তাদের মনে হয় ECT কি, কিসের জন্য দেওয়া হয় এবং এর কি প্রভাব পড়তে পারে ও কি কি উপকারিতা আছে তা আপনি বুঝতে পারছেন না।

যদি হাসপাতালের কর্মীর মনে হয় যে আপনি নিজে সিদ্ধান্ত নেওয়ায় অক্ষম তাহলে তারা একজন স্বতন্ত্র ডাক্তারকে (SOAD) আপনার সঙ্গে এসে দেখা করতে বলবে। এই স্বতন্ত্র ডাক্তার আপনার সঙ্গে এবং হাসপাতালের যে কর্মী আপনাকে চেনে তার সঙ্গে কথা বলবেন।

যদি স্বতন্ত্র ডাক্তার একমত হন যে আপনি নিজে সিদ্ধান্ত নেওয়ায় অক্ষম তাহলে স্বতন্ত্র ডাক্তার আপনাকে ECT দেওয়ার ব্যাপারে হাসপাতালের কর্মীর সঙ্গে একমত হতে পারেন। সঙ্কটাবস্থা না হলে, শুধুমাত্র স্বতন্ত্র ডাক্তারের অনুমতি নিয়ে আপনাকে ECT দেওয়া যাবে, নতুবা নয়।

তবে আপনি যদি মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট 2005 এর অধীন ECT প্রত্যাখ্যান করার আইনত বাধ্যতামূলক অগ্রীম সিদ্ধান্ত নিয়ে থাকেন, অথবা আপনার পক্ষ থেকে সিদ্ধান্ত নেওয়ার অনুমতিপ্রাপ্ত অন্য কোনো ব্যক্তি যদি ঐ অ্যাক্টের অধীন বলেন যে আপনি ঐ চিকিৎসা নেবেন না, তাহলে স্বতন্ত্র ডাক্তারও হাসপাতালের কর্মীকে আপনার চিকিৎসায় ECT ব্যবহারের অনুমতি দিতে পারবেন না। ঐ অন্য ব্যক্তি আপনার কাছ থেকে স্থায়ী পাওয়ার অফ অ্যাটর্নি (আমমোক্তার নামা) পাওয়া কেউ হতে পারে অথবা কোর্ট অফ প্রোটেকশন দ্বারা আপনার জন্য নিযুক্ত ডেপুটি কিংবা স্বয়ং কোর্ট অফ প্রোটেকশন হতে পারে। হাসপাতালের কর্মী আপনাকে মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট 2005 সম্বন্ধে আরো তথ্য দিতে পারে।

## সঙ্কটাবস্থায় কি হবে?

সঙ্কটাবস্থায় আপনি বা আপনার স্বতন্ত্র ডাক্তার রাজি না হলেও আপনাকে ECT দেওয়া যায়।

তবে সেটা তখনই দেওয়া যায় যদি আপনার জীবন বাঁচানোর জন্য তৎক্ষণাৎ ECT দিতে হয় কিংবা আপনার মনোরোগের ক্রমশ আরো অবনতি থামানোর জন্য দিতে হয়।

## আচরণ সংহিতা

মেন্টাল হেল্‌থ অ্যাক্ট এবং মানসিক ব্যাধিগ্রস্ত মানুষের প্রতি ব্যবহারের বিষয়ে একটি আচরণ সংহিতা) Code of Practice) আছে যা হাসপাতালের কর্মীদের পরামর্শ দেয়। আপনার পরিচর্যার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময় কোডে কি বলা হয়েছে তা কর্মীদের বিবেচনা করে দেখতে হবে। আপনি চাইলে, কোডের একটা কপি চেয়ে নিতে পারেন।

## আমি কিভাবে নালিশ করব ?

হাসপাতালে আপনার যত্ন পরিচর্যার বিষয়ে যদি নালিশ করতে চান, তাহলে কর্মীদলের সদস্যের সঙ্গে কথা বলুন। তারা হয়ত সমাধান খুঁজে দিতে পারবে। এছাড়া তারা আপনাকে হাসপাতালের নালিশ প্রণালীর বিষয়েও তথ্য জানাতে পারে, আপনি এই প্রণালী ব্যবহার করে স্থানীয় স্তরে মীমাংসা করে আপনার নালিশের সমাধান করে নিতে পারেন। এছাড়া অন্যান্য যারা নালিশ করায় আপনাকে সাহায্য করতে পারে তাদের ব্যাপারেও তারা জানাতে পারে।

যদি আপনার মনে হয় হাসপাতালের নালিশ প্রণালী আপনাকে সাহায্য করতে পারছে না তাহলে আপনি একটি স্বতন্ত্র কমিশনের কাছে আবেদন করতে পারেন। মেন্টাল হেল্থ অ্যাক্ট যেভাবে ব্যবহার করা হয় সে ব্যাপারে কমিশন বিশেষ লক্ষ্য রাখে, যাতে তা সঠিকভাবে ব্যবহার করা হয় এবং হাসপাতালে থাকাকালীন রুগীর যথাযথ যত্নপরিচর্যা হয়। কিভাবে এই কমিশনের সঙ্গে যোগাযোগ করা যায় তার ব্যাখ্যাসমেত একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আরো সাহায্য এবং তথ্য

আপনার যত্ন পরিচর্যা এবং চিকিৎসার বিষয়ে যদি আপনি কিছু বুঝতে না পারেন, কর্মীদলের একজন সদস্য আপনাকে সাহায্য করার চেষ্টা করবে। এই পত্রিকার কোনো বিষয় যদি আপনি বুঝতে না পারেন কিংবা আপনার যদি কোনো প্রশ্ন থাকে যার উত্তর এই পত্রিকায় নেই তাহলে কর্মীদলের সদস্যের কাছ থেকে তা বুঝে নেবেন।

আপনি যদি অন্য কারুর জন্য এই পত্রিকার কপি চান, তাহলে চেয়ে নেবেন।